



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং-ঢাশিবো/বি/২০৪/টাং/ ৯২৬

তারিখ : ২২/১২/২২

বিষয় : মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ৩০/১০/২০২১ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০০১.১৭.৫৯২।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত শর্তসমূহের অধীনে নাগরপুর মুক্তিযোদ্ধা উচ্চ বিদ্যালয়-কে ০১/০১/২০২১ ইং তারিখ থেকে ৩১/১২/২০২৩ ইং তারিখ পর্যন্ত ৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে মানবিক বিভাগ এ প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদান করা হলো। বিদ্যালয়ের জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতি প্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করাতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

শর্তসমূহ :

- ১। নিয়োগকৃত শিক্ষক- কর্মচারীদের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। স্টাফিং প্যাটার্ন অনুযায়ী ০১(এক) জন যোগ্যতা সম্পন্ন সহকারী প্রধান শিক্ষক নিয়োগ দিতে হবে।
- ৩। বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক/শিক্ষিকাগণের জন্য ইন্স্যুরেন্স ও প্রভিডেন্ট ফান্ড চালু করে বোর্ডকে অবহিত করতে হবে।
- ৪। কমপক্ষে ২০,০০০/- (বিশ হাজার) টাকার প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি ক্রয় করে ভাউচারসহ সরঞ্জামের তালিকা পেশ করতে হবে।
- ৫। স্বতন্ত্র গ্রন্থাগারসহ, মানসম্মত বিষয়ভিত্তিক আরো ২০,০০০/- (বিশ হাজার) টাকার বই ক্রয় করে ভাউচার ও বইয়ের তালিকা জমা দিতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
- ৬। খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গিনায় ফুলের বাগান তৈরী এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।
- ৭। বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহপাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।
- ৮। ব্যক্তি নামকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নির্ধারিত ১০,০০০০০ (দশ লক্ষ) টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও জেলা শিক্ষা অফিসারের যৌথ নামে সংরক্ষিত তহবিলে জমাদানের ব্যাংক সনদ জমা করতে হবে।
- ৯। বিদ্যালয়ের নামে জমিসহ সমস্ত জমি বিদ্যালয়ের নামে নামজারী ও খারিজ খতিয়ান করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে,

স্বাক্ষর

প্রাপকঃ প্রধান শিক্ষক

নাগরপুর মুক্তিযোদ্ধা উচ্চ বিদ্যালয়,
পো: খামারধল্লা, উপজেলা- নাগরপুর,
জেলা- টাঙ্গাইল।


প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঁঞা
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

মেমো নং- ৯২৬(৭)

তারিখ : ২২/১২/২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরিচালক, বেনবেইস নীলক্ষেত, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৭। অফিস কপি।


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।


২২/১২/২২